DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 10:48 PM

আন্তর্জাতিক

# যুক্তরাজ্যে ইতিহাসে প্রথম, একসঙ্গে জীবিত ১০ প্রধানমন্ত্রী

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ২২ জুলাই ২০২৬, ০৮:৫৩ PM



সংগৃহীত ছবি

যুক্তরাজ্যের রাজনৈতিক ইতিহাসে প্রথমবারের মতো সাবেক ও বর্তমান প্রধানমন্ত্রী মিলিয়ে একসঙ্গে জীবিত রয়েছেন ১০ জন। লেবার পার্টির নেতা অ্যান্ডি বার্নহ্যাম প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর এই বিরল রেকর্ড তৈরি হয়েছে।

বর্তমানে জীবিত ১০ প্রধানমন্ত্রী হলেন:

১.অ্যান্ডি বার্নহ্যাম (বর্তমান)

২.কিয়ার স্টারমার

৩.ঋষি সুনাক

৪.লিজ ট্রাস

৫.বরিস জনসন

৬.থেরেসা মে

৭.ডেভিড ক্যামেরন

৮.গর্ডন ব্রাউন

৯.টনি ব্লেয়ার

১০.জন মেজর

এর আগে ২০২৪ সালে কিয়ার স্টারমার প্রধানমন্ত্রী হওয়ার পর যুক্তরাজ্যে জীবিত সাবেক প্রধানমন্ত্রীর সংখ্যা ছিল আটজন, যা তখনও একটি রেকর্ড ছিল। ২০২৬ সালে বার্নহ্যাম দায়িত্ব নেওয়ায় বর্তমান প্রধানমন্ত্রীকে যুক্ত করলে মোট সংখ্যা দাঁড়ায় ১০-এ, যা দেশটির ইতিহাসে সর্বোচ্চ।

যুক্তরাজ্যে সাম্প্রতিক বছরগুলোতে প্রধানমন্ত্রীর ঘন ঘন পরিবর্তনের কারণে জীবিত সাবেক প্রধানমন্ত্রীর সংখ্যা দ্রুত বেড়েছে। ২০১৬ সালের পর থেকে ডেভিড ক্যামেরন, থেরেসা মে, বরিস জনসন, লিজ ট্রাস, ঋষি সুনাক, কিয়ার স্টারমার এবং সর্বশেষ অ্যান্ডি বার্নহ্যামমাত্র এক দশকের মধ্যে সাতজন প্রধানমন্ত্রী দায়িত্ব পালন করেছেন।


---

## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**

ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...



**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



**হরমুজকে □মার্কিন ভূখণ্ড□ হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প**

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



**ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট**

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/juktrajje-itihase-prthm-eksngge-jibit-10-prdhanmntri